

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(জুডিসিয়াল মুকিখানা শাখা)
www.rangamati.gov.bd


স্মারক নং-০৫.৪২.৮৪০০.৪০২.০১.০০৬.২৪-৮৪৭

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

গণবিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০১১.৩৩০ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমানে বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না।

২। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৫.০৬.২৪
(মোহাম্মদ মোশারফ হোসেন খান)

জেলা ম্যাজিস্ট্রেট

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন: ০২৩৩৩৩৭১৬৩২, ফ্যাক্স: ০২৩৩৩৩৭১৬০৬

email: dcrangamati@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৮৪০০.৪০২.০১.০০৬.২৪-৮৪৭

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর/নানিয়ারচর/কাউখালী/কাপ্তাই/লংগদু/বরকল/বাঘাইছড়ি/জুরাছড়ি/বিলাইছড়ি/রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। (গণবিজ্ঞপ্তিটির বহল প্রচারের জন্য অনুরোধসহ)
- ৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা। (গণবিজ্ঞপ্তিটি অফিসিয়াল ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রচারের অনুরোধসহ)
- ৬। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাঙ্গামাটি পার্বত্য জেলা। (বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। অফিসার ইন-চার্জ, কোতয়ালী/নানিয়ারচর/কাউখালী/কাপ্তাই/লংগদু/বরকল/বাঘাইছড়ি/জুরাছড়ি/বিলাইছড়ি/রাজস্থলী/ চন্দ্রঘোনা/সাজেক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৮। জনাব....., রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৯। অফিস কপি।


২৫.০৬.২৪
জেলা ম্যাজিস্ট্রেট
রাঙ্গামাটি পার্বত্য জেলা